

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর- ০৪.০০.০০০০.৮১৩.২৭.০০৫.১৮.৭৪

তারিখ : ০৮ আশ্বিন ১৪২৪
২৩ সেপ্টেম্বর ২০১৮

বিষয়: মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)-এর তথ্যাদি সংগ্রহ সংক্রান্ত

জনপ্রশাসনে জবাবদিহি নিশ্চিতকরণ, সেবার মানোন্নয়ন এবং সুশাসন সংহতকরণের নিমিত্ত অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা চালু করা হয়। এ পদ্ধতিতে প্রাপ্ত অভিযোগসমূহ সুষ্ঠুভাবে ব্যবস্থাপনার স্বার্থে মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে ২০১৫ সাল হতে অনলাইন অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা চালু করা হয়েছে।

০২। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বিদ্যমান অনলাইন GRS software-এর মাধ্যমে মন্ত্রণালয়/বিভাগের বাইরে অনলাইনে অভিযোগ নিষ্পত্তি করা সম্ভব না হওয়ায় এবং software-এর framework সময় উপযোগী না হওয়ায় অনলাইন GRS-এর দ্বিতীয় ভার্সন প্রস্তুত করা হয়। অনলাইন GRS software-এর দ্বিতীয় ভার্সনটিতে মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার অনিক বরাবর অভিযোগ দাখিল এবং মন্ত্রণালয়/বিভাগ হতে দপ্তর/সংস্থায় অনলাইনে অভিযোগ অগ্রায়ন করার নিমিত্ত দপ্তর/সংস্থাকে Link করা প্রয়োজন। সেই লক্ষ্যে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার অনিকের তথ্যাদি (নাম, পদবী, ফোন, ই-মেইল) প্রয়োজন।

০৩। এমতাবস্থায় GRS software-এর দ্বিতীয় ভার্সনটিতে তাঁর মন্ত্রণালয়/বিভাগ এর আওতাধীন দপ্তর/সংস্থার সকল অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)-এর তথ্যাদি (নাম, পদবী, ফোন, ই-মেইল) mjhedurrahman@gmail.com বা mmirdc@gmail.com ই-মেইল ঠিকানা বরাবর আগামী ২৬ সেপ্টেম্বর ২০১৮ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(স্বাক্ষর)
২৬.০৯.১৮

(মোহাম্মদ জাহেদুর রহমান)

উপসচিব

ফোনঃ ৯৫১৩৬০১

E-mail: grs_sec@cabinet.gov.bd

বিতরণ:

সিনিয়র সচিব/সচিব..... *স্বাক্ষর* মন্ত্রণালয়/বিভাগ

[দৃ:আ: অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা]

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ১। জনাব ড. মো: মুশফিকুর রহমান, যুগ্মসচিব, সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ;
- ২। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ;
- ৩। সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ;
- ৪। অতিরিক্ত সচিব (সংস্কার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৫। অফিস কপি/নথি।